গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা পরিষদ
তাহিরপুর, সুনামগঞ্জ
www.tahirpur.sunamganj.gov.bd

**ডিসেম্বর/২০২৪ মাসের মাসিক সভার কার্যবিবরণী :**

সভাপতি : মো: আবুল হাসেম, উপজেলা নির্বাহী অফিসার, তাহিরপুর ও প্রশাসক, উপজেলা পরিষদ, তাহিরপুর, সুনামগঞ্জ।
সভার স্থান : উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ, তাহিরপুর।
সভার তারিখ : ৩০-১২-২০২৪ সময় : বেলা- ১২.৩০ ঘটিকা।

উপস্থিত সদস্যগণ পরিশিষ্ট "ক"।

সভাপতি উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভায় বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয়। কার্যবিবরণীতে কোন সংশোধনী বা সংযোজনী না থাকায় তা দৃঢ়ীকরণ করা হয়। অত:পর বিস্তারিত আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

| ক্র. নং | বিভাগের নাম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ০১ | **উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ বিভাগ** | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, তাহিরপুর সভাকে জানান যে, দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠভাবে চলছে। বর্তমানে এইচ.পি.ভি ভ্যাকসিন কার্যক্রম চলমান রয়েছে। সভায় উপস্থিত সদস্যবৃন্দ জানান স্বাস্থ্য সেবার মান বৃদ্ধির জন্য নিয়িমিত মনিটরিং করা জরুরী। উপজেলা নির্বাহী অফিসার,তাহিরপুর সভায় জানান কমিউনিটি ক্লিনিক গুলোতে নিধরীত ডাক্তার নিয়মিত সেবা দিয়ে থাকেন কিনা। যদি এ বিষয়ে কোন প্রকার অভিযোগ পাওয়া যায় যায় তাহলে তার বিরুদ্ধে ভিগীয় ব্যবস্থা গ্রহণ করা হবে বলে প্রস্তাব করেন। | বিস্তারিত আলোচনান্তে মাঠ পর্যায়ে উপজেলা কমিউনিটি ক্লিনিক সমূহের স্বাস্থ্যসেবার মান বৃদ্ধির জন্য নিয়মিত মনিটরিং করা। তাছাড়া কমিউনিটি কিনিক্ত গুলোতে নিধরীত ডাক্তারের তালিকা উপজেলা পরিশষদের পরবর্তী মাসিক সভায় উপস্থাপন করার জন্য উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, তাহিরপুরকে অনুরোধ করা হয়। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার,তাহিরপুর। |
| ০২ | **কৃষি বিভাগ** | উপজেলা কৃষি কর্মকর্তা, তাহিরপুরের পক্ষে সভায় উপস্থিত প্রতিনিধি সভাকে জানান দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠভাবে চলছে। সার বীজ যথা সময়ে প্রকৃত কৃষকগণের মধ্যে বিতরণ করা হয়েছে। সার বীজের কোন প্রকার ঘাটতি নেই। তাছাড়া অন্যান্য কার্যক্রম চলমান রয়েছে। বাজরে ধান, বীজ সরকারি নিধরীত মূল্যে বিক্রী করা হয় সে জন্য নিয়মিত বাজার মনিটরিং করার সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হয়। এ বিষয়ে কোন প্রকার অভিযোগ পাওয়া গেলে উপজেলা কৃষি অফিস, তাহিরপুরকে অবহিত করার জন্য অনুরোধ করা হয়। | বিস্তারিত আলোচনান্তে প্রকৃত কৃষকগণের মধ্যে কৃষি প্রণোদনা যথাযথভাবে বিতরণ করা হয়েছে।<br>০২। বাজরে ধান, বীজ সরকারি নিধরীত মূল্যে বিক্রী করা হয় সে জন্য নিয়মিত বাজার মনিটরিং করার সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হয়। এ বিষয়ে কোন প্রকার অভিযোগ পাওয়া গেলে উপজেলা কৃষি অফিস, তাহিরপুরকে অবহিত করার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা কৃষি কর্মকর্তা, তাহিরপুর, সুনামগঞ্জ |
| ০৩ | **প্রাণি সম্পদ বিভাগ** | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা,তাহিরপুর সভায় জানান মাঠ পর্যায়ে ভ্যাকসিন কার্যক্রম এবং কৃত্রিম প্রজননের মাধ্যমে উন্নত জাতের গরুর জাত উন্নয়নের কাজ চলমান রয়েছে। তাছাড়া দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠভাবে চলছে। | বিস্তারিত আলোচনান্তে দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনা করার জন্য উপজেলা প্রাণী সম্পদ কর্মকর্তা, তাহিরপুরকে অনুরোধ করা হয়। | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, তাহিরপুর, সুনামগঞ্জ। |
| ০৪ | **মৎস্য বিভাগ** | উপজেলা মৎস্য কর্মকর্তা, তাহিরপুর সভায় জানান দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠভাবে চলছে। | বিস্তারিত আলোচনান্তে মৎস্য সম্পদ বৃদ্ধির লক্ষ্যে মাঠ পর্যায়ে যাহাতে সেচ না দিয়ে মাছ আহরণ না করতে পারে সে জন্য সময় সময় অভিযান অব্যাহত রাখার জন্য মৎস্য কর্মকর্তা, তাহিরপুরকে অনুরোধ করা হয়। | উপজেলা মৎস্য কর্মকর্তা, তাহিরপুর, সুনামগঞ্জ |



CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| ০৫ | প্রাথমিক শিক্ষা বিভাগ | উপজেলা শিক্ষা কর্মকর্তা (ভারপ্রাপ্ত) তাহিরপুর সভাকে জানান যে, ৩১-১২-২০২৪ তারিখ প্রাথমিক বিদ্যালয় গোল্ডকাপ ফুটবল টুর্নামেন্ট ফাইনাল খেলা অনুষ্ঠিত হবে। উক্ত খেলায় সকলকে উপস্থিত থাকার জন্য অনুরাধ করা হয়। আগামী ০১-০১-২০২৫ তারিখ হতে অন লাইন শিক্ষক বদলী কার্যক্রম শুরু হবে। তাছাড়া ০১-০১-২০২৫ তারিখ নতুন বই বিতরণ করা হবে ১ম ও ৩য় শ্রেণি পর্যন্ত। ০১-০১-২০২৫ তারিখ হতে ১৫ দিন ব্যাপী তারুণ্যের উৎসব শুরু হবে। শিক্ষার সার্বিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে। পূর্বের তুলনায় শিক্ষার গুণগতমান কিছুটা বৃদ্ধি পেয়েছে। | বিস্তারিত আলোচনান্তে প্রতি মাসে নিয়মিত বিদ্যালয় পরিদর্শণ করে পরিদর্শণ প্রতিবেদন সংশ্লিষ্ট দপ্তরে প্রেরণ করার জন্য বলা হলে এ যাবত কোন প্রতিবেদন পাওয়া যায়নি। এ বিষয়ে উপজেরা পরিষদের পরবর্তী মাসিক সভায় অবহিত করার জন্য উপজেলা শিক্ষা কর্মকর্তা (ভারপ্রাপ্ত) তাহিরপুরকে অনুরোধ করা হয়।<br><br>০২। অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করার জন্য উপজেলা শিক্ষা কর্মকর্তা (ভারপ্রাপ্ত) তাহিরপুরকে অনুরোধ করা হয়। | উপজেলা শিক্ষা কর্মকর্তা তাহিরপুর। |
| ০৬ | প্রকৌশলী বিভাগ | উপজেলা প্রকৌশলী এলজিইডি, তাহিরপুর সভায় জানান দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। এ ছাড়া তিনি আরও জানান ২০২৪-২০২৫ অর্থবছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচির বরাদ্দের আলোকে পরিসংখ্যান মর্মানুযায়ী সকল ইউনিয়ন পরিষদ এবং সংশ্লিষ্ট সকলের নিকট হতে প্রকল্প টেন্ডার কার্যক্রম প্রক্রীয়াধীন রয়েছে। এ বিষয়ে উপজেলা নির্বাহী অফিসার, তাহিরপুর সভায় জানান সংশ্লিষ্ট প্রকল্পের কাজ ৩০ শে জুনের মধ্যে সমাপ্ত করতে হবে। | বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদের ২০২৪-২০২৫ অর্থবছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচিরআওতায় অনুমোদিত প্রকল্প দ্রুত টেন্ডার করার জন্য আহবান করা হয়। এ বিষয়ে সংশ্লিষ্ট কার্যক্রম বাস্তবায়ন করার জন্য উপজেলা প্রকৌশলী, তাহিরপুরকে অনুরোধ করা হয়। | উপজেলা প্রকৌশলী, তাহিরপুর, সুনামগঞ্জ ও সংশ্লিষ্ট সকল। |
| ০৭ | পরিবার পরিকল্পনা বিভাগ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, তাহিরপুরের পক্ষে সভায় উপস্থিত প্রতিনিধি সভাকে জানান দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। উপজেলায় মোট সক্ষম দম্পত্তি ৩৯,৪৬৬ জন। সর্বমোট ২৯৭২৫ জন জন্মবিরতি পদ্ধতি গ্রহণ করেছে। সিএআর ৭৫.৩২% তার মধ্যে সর্বমোট খাবার বড়ি ২৭৫৮১জন। কনডম ৪৪২৫ জন, ইনজেকশন ৯৬৪৪ জন। আইইও ১৩৬৮ জন, ইমপ্ল্যান্ড ৩৮৩২ জন, স্থায়ী ১৬০৬ জন, মহিলা স্থায়ী ২৫৭৬৮জন। অন্যান কাজ চলমান রয়েছে। | বিস্তারিত আলোচনান্তে সংশ্লিষ্ট কার্যক্রম যথাযথভাবে পালন করার জন্য উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা,তাহিরপুরের দৃষ্টি আকর্ষণ করা হয়।<br>০২। উপজেলা ইউনিয়ন স্বাস্থ্য কল্যাণ ক্লিনিক নিয়মিত পরিদর্শন করে পরিদর্শন প্রতিবেদন উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে দাখিল করার জন্য পরিবার পরিকল্পনা কর্মকর্তা, তাহিরপুরকে অনুরোধ করা হলো। | উপজেলা পরিবার, পরিকল্পনা কর্মকর্তা তাহিরপুর। |
| ০৮ | সমাজসেবা বিভাগ | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, তাহিরপুর সভায় জানান ৩০ শে ডিসেম্বর পর্যন্ত সময়ে প্রতিবন্ধী ভাতা,অনগ্রসর জনগোষ্ঠীর বিশেষ ভাতা উপবৃত্তি, বেদে জনগোষ্ঠীর বিশেষ ভাতা/ উপবৃত্তি ও হিজড়া জনগোষ্ঠীর বিশেষ ভাতা/উপবৃত্তির আবেদন অনলাইনে গ্রহণ করা হচ্ছে। প্রতিবন্ধী সনাক্ত করণ কর্মসূচি চলমান রয়েছে। সরকারি নির্দেশনামতে কোন প্রতিবন্ধী ব্যক্তি প্রতিবন্ধীর পরিচয় পত্র "সুবর্ণ নাগরিক কার্ড" ছাড়া প্রতি বন্ধী ভাতা পাবেনা। | বিস্তারিত আলোচনান্তে সংশ্লিষ্ট ভাতার কার্যক্রম যতাযথভাবে বিধি মোতাবেক পরিচালনা করার জন্য উপজেলা সমাজেসেবা কর্মকর্তা, তাহিরপুরকে অনুরোধ করা হয়। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা তাহিরপুর। |
| | মাধ্যমিক শিক্ষা বিভাগ | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা,তাহিরপুর সভায় অনুপস্থিতি থাকায় তার দাপ্তরিক কার্যক্রম সম্পর্কে কিছু জানা যায়নি। | বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদের পরবর্তী মাসিক সভায় উপস্থিত থেকে দাপ্তরিক কার্যক্রম সম্পর্কে অবহিত করার জন্য উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা তাহিরপুরকে অনুরোধ করা হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষাকর্মকর্তা, তাহিরপুর, |



CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| ১০ | **সমবায় বিভাগ** | উপজেলা সমবায় কর্মকর্তা, তাহিরপুর সভায় জানান আলোচ্য মাসে সমবায় বিভাগের আর্থিক সহায়তায় তাহিরপুর সদর ইউনিয়নের ০২ জন, বড়দল দক্ষিণ ইউনিয়নের ০২ জন ও শ্রীপুর দক্ষিণ ইউনিয়নের ০১ জন। সমবায়ী মহিলাকে সাইজিএ সেলাই প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। প্রশিক্ষণের মেয়াদ ছিল ২১ (একুশ) দিন। প্রশিক্ষণ শেষে ০১ জন সমবায়ীকে সেলাই মেশিন প্রদান করা হয়। উল্লেখ্য যে, প্রশিক্ষণটি ছিল সম্পূর্ণ আবাসিক এবং যাবতীয় ব্যয় সমবায় বিভাগের সমবায় উন্নয়ণ তহবিল হতে বহন করা হয়। | বিস্তারিত আলোচনান্তে দাপ্তরিক সংশ্লিষ্ট কার্যক্রম যথাযথভাবে পরিচালনা করার জন্য উপজেলা সমবায় কর্মকর্তা, তাহিরপুরকে অনুরোধ করা হয়। | উপজেলা সমবায় কর্মকর্তা,তাহিরপুর, সুনামগঞ্জ। |
| ১১ | **যুব উন্নয়ন বিভাগ** | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা তাহিরপুর সভায় চলমান প্রক্রীয়ায় ঋণ বিতরণ করা হয়। আদায়ের হার ৯৪% রাজস্ব খাতে এই পর্যন্ত ৯ টি ব্যাচে করানো হয় মোট প্রশিক্ষণার্থী সংখ্যা ৩০জন করে মোট ২৭০ জন। প্রশিক্ষণ চলমান রয়েছে। তাহিরপুর উপজেলায় একটি ব্যাচে গ্যাস প্রশিক্ষণ ২০ জনকে করানো হয়। ঋণ আদায় যোগ্য ৪৮,৫৪০/-টাকা,আদায়কৃত ৪৫৭০০/- টাকা। কিস্তি খেরাপী নাই। ঋণখেরাপী আদয় চেষ্টা চলমান রয়েছে। ক্রম পুঞ্জিত আদায়ের হার ৬৩%। | বিস্তারিত আলোচনান্তে সংশ্লিষ্ট কার্যক্রম সঠিকভাবে পরিচালনা করার জন্য এবং ঋণ আদায়ে দ্রুত নোটিশ করার জন্য উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, তাহিরপুরকে অনুরোধ করা হয়। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, তাহিরপুর। |
| ১২ | **জনস্বাস্থ্য বিভাগ** | জনস্বাস্থ্য উপ-সহকারী প্রকৌশলী, তাহিরপুর, সভায় জানান যে, বন্যা হতে তাহিরপুর বারিকটিলায় এবং নীলাদ্রী লেকে পাবলিক টয়লেট স্থান নির্বাচন করা হয়। বন্যা প্রকল্প থেকে গভীর নলকূপের ইএনডিপি মাধ্যমে জরীপ কাজ চলমান রয়েছে। তাছাড়া দাপ্তরিক অন্যান্য কার্যক্রম সুষ্ঠভাবে চলছে। | বিস্তারিত আলোচনান্তে ইউনিয়নওয়ারী বিভাজনকৃত নলকূপের বিপরীতে কার্যক্রম সংশ্লিষ্ট প্রকল্প ইস্টিমেট মোতাবেক স্থাপনের জন্য উপজেলা জনস্বাস্থ্য উপ-সহকারী প্রকৌশলী, তাহিরপুরকে অনুরোধ করা হয়। | উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য, তাহিরপুর। |
| ১৩ | **প্রকল্প বাস্তবায়ন বিভাগ** | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তার তাহিরপুরের পক্ষে তিনি সভায় জানান এখন পর্যন্ত ২০২৪-২০২৫ অর্থবছরের টি আর কাবিখা /কাবিটা প্রকল্পের কোন বরাদ্দ পাওয়া যায়নি। গরীব অসহায়দের মধ্যে শীত বস্ত্র/কম্বল ৩ টি ধাপে ২০৫০টি কম্বল বিতরণ করা হয়। তাছাড়া অন্যান্য দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠভাবে চলছে। | বিস্তারিত আলোচনান্তে সংশ্লিষ্ট কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনা করার জন্য উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা,তাহিরপুর এর দৃষ্টি আকর্ষণ করা হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, তাহিরপুর, সুনামগঞ্জ |
| ১৪ | **পল্লী উন্নয়ন বিভাগ** | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, তাহিরপুর সভায় অনুপস্থিতি থাকায় তার দপ্তরের কার্যক্রম সম্পর্কে কিছু জানা যায়নি। | বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদের পরবর্তী মাসিক সভায় উপস্থিত থেকে দাপ্তরিক কার্যক্রম সম্পর্কে অবহিত করার জন্য উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, তাহিরপুরকে অনুরোধ করা হয়। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, তাহিরপুর, |
| ১৫ | **মহিলা বিষয়ক বিভাগ** | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, তাহিরপুর সভায় জানান ভিডব্লিউবি কর্মসূচির মেয়াদ ডিসেম্বর ২০২৪ মাসে শেষ হবে। ২০২৫-২০২৬ সনের নতুন উপকারভোগী নির্বাচনের কাজ জানুয়ারী ২০২৫ মাসের প্রথম সপ্তাহে হতে শুরু হবে। | বিস্তারিত আলোচনান্তে সংশ্লিষ্ট কার্যক্রম যাচাই-বাছাই করে বিধি মোতাবেক সুষ্ঠভাবে পরিচালনা করার জন্য উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, তাহিরপুরকে অনুরোধ করা হয়। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা , তাহিরপুর। |



CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| ১৬ | আনসার ভিডিপি বিভাগ | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, তাহিরপুর, সভায় অনুপস্থিতি থাকায় তার দপ্তরের কার্যক্রম সম্পর্কে কিছু জানা যায়নি। | বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদের পরবর্তী মাসিক সভায় উপস্থিত থেকে দাপ্তরিক কার্যক্রম সম্পর্কে অবহিত করার জন্য উপজেলা আনসার ভিডিপি কর্মকর্তা, তাহিরপুরকে অনুরোধ করা হয়। | উপজেলা আনসার ভিডিপি কর্মকর্তা, তাহিরপুর । |
| ১৭ | ব্যবস্থাপক পল্লী সঞ্চয় ব্যাংক | ব্যবস্থাপক পল্লী সঞ্চয় ব্যাংক তাহিরপুর শাখা সভায় জানান সঞ্চয় আদায় ১০,২০,০০০/- ঋণ আদায় ৬২,১০,০০০/- ঋণ বিতরণ ৬১,৫০,০০০/- তাছাড়া দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | বিস্তারিত আলোচনান্তে দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করার জন্য ব্যবস্থাপক উপজেলা পল্লী সঞ্চয় ব্যাংক, তাহিরপুরকে অনুরোধ করা হয়। | ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, তাহিরপুর |
| ১৮ | বিট কর্মকর্তা | উপজেলা বন বিট কর্মকর্তা, তাহিরপুর সভায় জানান বর্তমানে কোন প্রকার বাজেট না থাকায় বনায়ন করার কোন পরিকল্পনা নাই। টাংগুয়ার হাওরে বনায়ন করার জন্য উর্ধ্বতন কর্তৃপক্ষের সহিত কথা বলে যদি বাজেট আসে তাহলে বনায়ন করা সম্ভব হবে। সভায় আরও আলোচনা করা হয় তাহিরপুর উপজেলায় বিভিন্ন স্থানে মরা গাছ ও বালিজুরী ইউনিয়নে রাস্তার পাশে একটি গাছ ঝুকিপূর্ণ অবস্থায় আছে তাই কর্তন করাার জন্য প্রস্তাব করা হয়। | বিস্তারিত আলোচনান্তে উপজেলা বনায়ন সৃষ্টির লক্ষ্যে টাংগুয়ার হাওরে গাছ লাগানোর সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। তাছাড়া উপজেলা পরিষদের বিভিন্ন স্থানে মরা গাছ এ গুলি যাছাই বাছাই করে কর্তনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা বিট কর্মকর্তা, তাহিরপুরকে অনুরোধ করা হয়। | উপজেলা বন বিট কর্মকর্তা, তাহিরপুর। |
| ১৯ | তথ্য আপা | তিনি সভায় জানান জনবল কম এবং পূর্বের ন্যায় কার্যক্রম চলমান রয়েছে। মাঠ পর্যায়ে সেবার মান চলমান রয়েছে। | বিস্তারিত আলোচনান্তে সংশ্লিষ্ট কার্যক্রম যথাযথভাবে পরিচালনা করার জন্য তথ্য আপাকে অনুরোধ করা হয়। | তথ্য আপা |
| ২০ | বিবিধ | উপজেলা পরিষদের আওতাধীন বাসা বাড়ি, সরকারি অফিসের ছাদের উপর আঙ্গিনার বিভিন্ন প্রকার বর্জ পরিষ্কার/অপসারণের মোট ২৯,৪০০/- ( উনত্রিশ হাজার চারশত) টাকার ব্যয় বিল পরিশোধ জন্য মো ঃ তোলা মিয়া, বীরনগর,তাহিরপুর কর্তৃক ৩০-১২-২০২৪ তারিখ একটি আবেদন সহ মাষ্টারোল দাখিল করেন। দাখিলকৃত আবেদনের আলোকে সভায় আলোচনা করা হয়। | বিস্তারিত আলোচনাতে জনাব মো ঃ তোলা মিয়াকে ২৯,৪০০/-(উনত্রিশ হাজার চারশত) টাকার ব্যয় বিল উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে পরিশোধ করার জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার, তাহিরপুর। |
| ২১ | টয়লেট সংস্কার ও মেরামত | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, তাহিরপুর সভায় জানান, উপজেলা মহিলা বিষয়ক অফিস সমায়বায় অফিস, যুব উন্নয়ন অফিস ও পরিসংখ্যান অফিসের সংলগ্ন টয়লেটি দীর্ঘ দিন যাবত ব্যবহার অনুপযোগী থাকায় দূর্ভোগ পোহাতে হচ্ছে। জরুর বিভিত্তে এটি সংস্কার ও মেরামত করা প্রয়োজন। | বিস্তারিত আলোচনাতে জরুরী ভিত্তিতে টয়লেট উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের অর্থায়নে সংস্কার ও মেরামতের জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী, তাহিরপুর। |
| ২২ | বিয়াম ল্যাবরেটরী স্কুলের নামে রেকর্ড সংশোধন ও আয় বন্টন সংক্রান্ত ; | সভায় আলোচনা করা হয় তাহিরপুর উপজেলা মুক্তিযোদ্ধা কমপ্লেক্সের দক্ষিণ পাশে মেইন রাস্তার পূর্ব দিক মৌজা তাহিরপুর-১১৫, আরএস খতিয়ান-০১, দাগ ৪৪১৮ মূলে বিয়াম ল্যাবরেটরী স্কুল স্থাপন করা হয়। উক্ত স্কুলের নামে বিধি মোতাবেক ভূমি রেকর্ড সংশোধনের জন্য প্রস্তাব করা হয়। তাছাড়া স্থাপনকৃত স্কুলের আয় বৃদ্ধির লক্ষে স্কুল সংলগ্ন ০৯ টি দোকান উপজেলা পরিষদের আওতাধীন আব্দুর জহুর চত্বর সংলগ্ন ০৪ টি দোকানসহ মোট ১১টি দোকেনের ভাড়া বিয়াম ল্যাবরেটরী স্কুলের হিসাব নম্বরে জমা করার জন্য প্রস্তাব করা হয়। | বিস্তারিত আলোচনান্তে তাহিরপুর উপজেলা মুক্তিযোদ্ধা কমপ্লেক্সের দক্ষিণ পাশে মেইন রাস্তার পূর্ব দিক মৌজা তাহিরপুর-১১৫, আরএস খতিয়ান-০১, দাগ ৪৪১৮ মূলে ল্যাবেরেটরী স্কুলের নামে বিধি মোতাবেক ভূমি রেকর্ড সংশোধনের বিষয়ে সহকারী কমিশনার ভূমি, তাহিরপুরকে অনুরোধ করা হয়। বিয়াম ল্যাবরেটরী স্কুলের আয় বৃদ্ধির লক্ষে স্থাপনকৃত স্কুল সংলগ্ন ০৯ টি দোকান, আব্দুর জহুর চত্বর সংলগ্ন উপজেলা পরিষদের ৪ টি দোকানসহ ১১টি দোকানের ভাড়া বিয়াম ল্যাবরেটরী স্কুলের হিসাব নম্বরে জমা করার জন্য সিদ্ধান্ত হয়। | সহকারী কমিশনার ভূমি তাহিরপুর।<br><br>উপজেলা নির্বাহী অফিসার, তাহিরপুর। |

CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| ২৩ | দোকান ভাড়া পুনঃনির্ধারণ | সভায় আলোচনা করা হয় উপজেলা পরিষদের আওতাধীন আব্দুর জহুর চত্বর সংলগ্ন ০৪টি দোকান ও বিয়াম ল্যাবরেটরীর স্কুলের ভবন সংলগ্ন ০৯ টি দোকানসহ মোট ১১ টি দোকেনের ভাড়া বৃদ্ধি/ পুনঃ নির্ধারণ বিষয়ে ০৪ (চার) সদস্য বিশিষ্ট একটি কমিটি গঠন করা হয়। কমিটি যাহা নিম্নরুপ;<br>০১। উপজেলা প্রকৌশলী-তাহিরপুর- আহবাক।<br>০২। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, তাহিরপুর- সদস্য।<br>০৩। উপ-সহকারী প্রকৌশলী জনস্বাস্থ্য-তাহিরপুর-সদস্য।<br>০৪ চেয়ারম্যান, তাহিরপুর, সদর-সদস্য। | বিস্তারিত আলোচনান্তে বিয়াম ল্যাবেরেটরী স্কুলের আয় বৃদ্ধির লক্ষে স্কুল ভবন সংলগ্ন ০৯ টি দোকানসহ উপজেলা পরিষদের আওতাধীন আব্দুর জহুর চত্বর সংলগ্ন ০৪ টি দোকানসহ মোট ১১ টি দোকোনে ভাড়া বৃদ্ধি/ পুনঃ নির্ধারণ বিষয়ে ০৪ ( চার) সদস্য বিশিষ্ট একটি কমিটি গঠন করা হয়। কমিটি যাহা নিম্ন রুপ<br>০১। উপজেলা প্রকৌশলী-তাহিরপুর- আহবাক।<br>০২। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, তাহিরপুর- সদস্য।<br>০৩। উপ-সহকারী প্রকৌশলী জনস্বাস্থ্য-তাহিরপুর- সদস্য।<br>০৪ চেয়ারম্যান, তাহিরপুর, সদর-সদস্য। | উপজেলা নির্বাহী অফিসার, তাহিরপুর ও সংশ্লিষ্ট সকল। |
| ২৪ | টয়লেট সংস্কার ও মেরামত সংক্রান্ত | উপজেলা নির্বাহী অফিসারের নিরাপত্তাকর্মী আনসারদের বাসভবনের টয়লেট জরুরী ভিত্তিতে সংস্কার ও মেরামত করা হয়। মেরামত বাবদ ৭,৫০০/- টাকা ব্যয় করা হয়। ব্যয় বিল পরিশোধের জন্য সভায় আলোচনা করা হয়। | বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে টয়লেট সংস্কার ও মেরামতের ৭৫০০/- (সাত হাজার পাঁচশত) টাকা পরিশোধ প্রদানের জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার, তাহিরপুর |
| ২৫ | মহান বিজয় দিবস /২০২৪ উদযাপন উপলক্ষে ব্যয় বিল | মহান বিজয় দিবস /২০২৪ উদযাপন উপলক্ষে ১,০০,০০০/- (এক লক্ষ) টাকা ব্যয় করা হয়। উক্ত ব্যয় বিল পরিশোধের জন্য সভায় আলোচনা করা হয়। | বিস্তারিত আলোচনান্তে মহান বিজয় দিবস /২০২৪ উদযাপন উপলক্ষে ব্যয় বিল বাবদ মোট১,০০,০০০/- টাকা উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে পরিশোধের জন্য সর্বসম্মত্রিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার, তাহিরপুর। |

পরিশেষে আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

০৭/০১/২৫
মো: আবুল হাসেম
উপজেলা নিবহী অফিসার
ও
সভাপতি
উপজেলা পরিষদ সভা
তাহিরপুর, সুনামগঞ্জ।

স্মারকনং- ৪৬.৪৬.৯০৯২.০০০.০৪.০২৬.২৪-২৪ (৫০)

তারিখ: ০৭জানুয়ারী ২০২৫

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে-(জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) ঃ
০১। সিনিয়র সচিব স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। বিভাগীয় কমিশনার, সিলেট বিভাগ, সিলেট।
০৩। পরিচালক, স্থানীয় সরকার বিভাগ, সিলেট।
০৪। জেলা প্রশাসক, সুনামগঞ্জ।
০৫। উপ-পরিচালক,স্থানীয় সরকার, সুনামগঞ্জ।
০৬। উপজেলা.............................................কমর্কর্তা, তাহিরপুর, সুনামগঞ্জ।
০৭। চেয়ারম্যান, ..........................................(সকল) ইউনিয়ন পরিষদ, তাহিরপুর, সুনামগঞ্জ।
০৮। অফিস নথি/ মাস্টার ফাইল।

০৭/০১/২৫
মো : আবুল হাসেম
উপজেলা নির্বাহী অফিসার
ও
প্রশাসক
উপজেলা পরিষদ
তাহিরপুর, সুনামগঞ্জ।
E-mail: unotahirpur@gmail.com

মাসিক সমন্বয় সভা

সভাপতি: জনাব মো: আবুল হাসেম - ভারপ্রাপ্ত উপজেলা নির্বাহী. তাহিরপুর. তাং: ৩০/১১/২৪. সময়: ১১-৩০ ঘটিকা

| ক্র: নং | নাম | পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|
| ০১ | জনাব মো: আবুল হাসেম | উপজেলা নির্বাহী অফিসার তাহিরপুর | |
| 2 | নূরুল আলী | চেয়ারম্যান তাহিরপুর সদর ইউ/পি | [illegible] |
| | কামাল হোসেন | [illegible] | [illegible] |
| 4. | [illegible] | [illegible] ইঞ্জিনিয়ার | Ali |
| ৫ | ম. হাবিব আহমদ | উপজেলা প্রাণিসম্পদ অফিসার | [illegible] |
| ৬ | ডা: মিঠুন কিশোর প্রধান | UHFPO UHC, Tahirpur | [illegible] |
| ৭ | তৌফিক আহমেদ | উপজেলা সমাজসেবা অফিসার | [illegible] 30.11.24 |
| ৮ | মোহাম্মদ মুহিবুল ইসলাম | UPIO, তাহিরপুর | [illegible] |
| ৯ | সুরজিত বিশ্বাস | AEO | [illegible] |
| ১০ | মো: আবুল হোসেন | UWAO. | [illegible] |
| ১১. | আশীষ আচার্য্য | উপজেলা সমবায় অফিসার | [illegible] |

| ক্র:নং | নাম পদবী | পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|
| ১২ | মো: ইউসুফ আলী | UFO | [signature] |
| ১৩ | মো: মাসুদ আহমদ | UYDO | [signature] |
| ১৪ | মো. কামরুজ্জামান শেখ | AVEO | [signature] |
| ১৫ | মো: রফিকুল ইসলাম | কাউন্সিলর | [signature] |
| ১৬. | [illegible] | [illegible] | [signature] |
| ১৭ | আসাদুল ইসলাম | SAE, LGED | [signature] |
| ১৮ | আমীর আহমেদ | Branch Manager<br>Sajida Foundation | [signature] |
| ১৯ | মো. আ. হান্নান | BOP কমান্ডার<br>[illegible] BOP | [signature] |
| ২০ | [illegible] | AUFPO<br>[illegible] | [signature] |
| ২১ | মো: [illegible] | UF-LOGIC | [signature] |
| | | | |